# জুন/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ২৪/০৬/২০১৯ খ্রিঃ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

**আলোচনা ঃ** সভাপতির অনুমতিক্রমে সনাক, দিনাজপুর সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। অত:পর গত মাসের প্রতিবেদন পরর্বতী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের জুন/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| নুরমিশন বাংলাদেশ | (১) ল্যাট্রিন বিতরণ<br>(২) শিক্ষা কার্যক্রম | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না।<br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৫১ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৫৮ জনকে।<br>বিবেচ্য মাসে ৯৫ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৮৯ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৬ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>১৮৯ জন শিশুকে সপ্তাহে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৩-৫ বছর= আমি প্রিয় সন্তান<br>৬-৮ বছরে= অন্যদের সাথে সহযোগীতামূলক ভাবে কাজ করা<br>৯-১১বছর= অন্যদের সাথে সহযোগীতামূলক ভাবে কাজ করা<br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ | দিনাজপুর সদর। | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (৩) বাড়ি পরিদর্শন | শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>এ মাসে প্রকল্পের ৭০ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর উপস্থিতি, পড়াশুনা, পরীক্ষা ইত্যাদি বিষয়ে গুরুত্বারোপ। | | |
| ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | (১) স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী<br><br>(২) জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী<br><br>(৩) জন সম্পৃক্তকরণ ও স্পন্সরশীপ পরিকল্পনা | ❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন)- ৪৩৮০ জন (শিশু)<br>❖ শিশুর পুষ্ট কর্মসূচীর আওতায় জন সচেতনতা বৃদ্ধির জন্য মিটিং-অংশগ্রহনকারী ৩৬১ জন।<br>❖ মাতৃ দুগ্ধ ও ৬ মাস বয়সের শিশুকে শুধু মাত্র মায়ের বুকের দুধ পান বিষয়ক মা'দের সাথে সেশন- ৬৮৬ জন মা।<br>❖ অপুষ্ট শিশুদের রেফারেল বিষয়ে ৩৩ জনস্বাস্থ্য বিভাগের সরকারী কর্মকর্তাদের সাথে মিটিং।<br>❖ নিরাপদ মাতৃত্ব বিষয়ে ৫০ মা'কে নিয়ে সচেতনতামূলক সেশন পরিচালনা।<br>❖ পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতনতা মুলক সেশন- অংশগ্রহনকারী ৯৫০ জন।<br><br>❖ আত্ব-বিশ্বাস ও সক্ষমতা বৃদ্ধির জন্য ৪৬৩ জন হত দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ সরকারের সাথে জাতীয় পরিবেশ দিবস উদযাপন -১ টি (১৯৮জন অংশগ্রহনকারী)<br>❖ আত্ব-কর্ম সংস্থান বিয়য় কাযক্রম পরিচালনার জন্য ১২ সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান।<br><br>❖ জনগনকে সাথে নিয়ে বার্ষিক পর্যালোচনা ও কর্মপরিকল্পনা সভা অংশগ্রহনকারী- ৩৬৭ জন ।<br>❖ শিশু নির্যাতন, সহিংযতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী- ৫৮৫জন (শিশু ও মহিলা) ।<br>❖ শিশু শ্রম ও নির্যাতন রোধের জন্য সচেতনতামূলক সেশন- অংশগ্রহনকারী- ১১৭৭জন ।<br>❖ জেলা প্রশাসানের সাথে সমন্বিত হয়ে বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। | পৌরসভা, আউলিয়াপুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্ধুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br><br>বিবেচ্য মাসে ২২ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br><br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর উপজেলা | |
| সনাক | (১) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ➢ জলবায়ু অর্থায়ন সুশাসন প্রকল্পের আওতায় বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন উপলক্ষে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর ও সনাক দিনাজপুর এর যৌথ উদ্যোগে "আসুন বায়ু দূষণ রোধ করি" পরিবেশ দিবসের প্রতিপাদ্যকে | দিনাজপুর সদর | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (২) অন্যান্য/বিবিধ | সামনে ২০ জুন র‍্যালি, আলোচনা সভা ও অন্যান্য কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি পালিত হয়।<br>➢ সচেতন নাগরিক কমিটি (সনাক) দিনাজপুর এর উদ্যোগে উপজেলা প্রশাসনের সহযোগীতায় ২৪ জুন ২০১৯ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার এর সভাকক্ষে দিনাজপুর সদর উপজেলার বিভিন্ন উন্নয়ন সহযোগী সংগঠনের সাথে এনজিও বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। | | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br>(৫) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ২০ জনকে ৬,৩২,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২৮,৮৩,১০০/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ১,৯৭,১৬৫/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ৫,৬৭,৭৫২/- টাকা।<br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশন ব্যবহারে উদ্বদ্ধ করা হয়।<br>১ নং চেহেলগাজী, ৪নং শেখপুরা ইউনিয়ন ও পৌরসভায় দলীয় সদস্যদের মাঝে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিষ্পত্তি ইত্যাদি বিষয়ে উদ্বুদ্ধ করা হয়।<br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে ভুট্টা এবং বরো ধান লাইনে রোপন ও মাটি পরিক্ষা করে পরিমিত রসায়নিক সার ও জৈব সার বোরো জমিতে প্রয়োগের পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br>২। ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের যথা রীতি ক্লাস শুর হয়েছে, ঈদ পূর্ণ মিলন অনুষ্ঠান ও কৃত্তি ছাত্র-ছাত্রীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠান করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ১৪ জনকে ২,১৬,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ২,৮৭,৩২৫/- টাকা। সঞ্চয় আদায় হয় ৩৫,৮৩৭/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৪৪,১১,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৫৪,৫৬,২৮০/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ৯৭ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৬০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৩টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br>(৪) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে ১৭.১০ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ৭৪.১৫ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ২.০৩ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>দরিদ্র জনগোষ্ঠীর স্যানিটেশন পণ্য ক্রয় করার জন্য অর্থের যোগান দিয়ে উন্নত ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহারে অভিগম্যতা বৃদ্ধি করার লক্ষ্যে সংস্থা স্যানিটেশন উন্নয়ন প্রকল্প | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | (SDL) বাস্তবায়ন করছে।<br><br>প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | | |
| অনন্যা সংস্থা | ১) প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br><br>২) দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০৩ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br><br>❖ ২৬ জুন মাদক বিরোধী দিবস উপলক্ষে র‌্যালী ও আলোচনআয় অংশগ্রহণ করা হয়। | দিনাজপুর সদর | |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে ২৯টি ক্যাম্পে রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ১৮০০ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ১৭৬ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে ১৯৪১ শিশুর চোখ স্ক্রীনিং, ২৩৯ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৬৪ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ৪ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৯,৮০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,৪০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ৪২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪৫টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| ডেমক্রেসি ওয়াচ | নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন | ➢ সরকারী সেবা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে নির্বাচিত নারী প্রতিনিধিদের ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারী- মোট৭০ জন, পরুষ-৩০, নারী-৪০ জন।<br>➢ জেন্ডার ও নারীর ক্ষমতায়ন বিষয়ে সংবেদন শীলকরণে স্থানীয় সরকারের পুরুষ প্রতিনিধিদের অবহিত করণ। অংশগ্রহণকারী- মোট৭০ জন, পরুষ-৩০, নারী-৪০ জন। | দিনাজপুর সদর | |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী<br><br>(২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। সেখানকার অবকাঠামোগত উন্নয়ন বিষয় যেমন ড্রেনেজ ব্যবচস্থা উন্নয়ন ও রাস্তার উন্নয়নে কাজ করা হয়। | দিনাজপুর সদর | |
| জেএসকেএস সংস্থা | ❖ ইয়থ প্রকল্পের চলমান কার্যক্রম লক্ষ ও অর্জন নিয়ে পর্যালোচন্ | গত মাসে ইয়থ প্রকল্পের কর্ম এলাকায় চলমান কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় জানা যায় যে দিনাজপুর সদর উপজেলার চারটি ইউনিয়নের মধ্যে প্রজেক্ট ফ্যাসিলিলেটর নাসিমা খাতুন তার কর্ম এলাকা ফাজিলপুর ও শেখপুরা ইউনিয়নের মধ্যে ১৮টি ওয়ার্ডের উপকারভোগীদের তালিকা সঠিক সময়ের মধ্যে জমা করেছেন। | দিনাজপুর সদর | |
| টিএমএসএস | ❖ ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে টিএমএসএস মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রামের মাধ্যমে দিনাজপুর সদর উপজেলায় সদস্য ভর্তি করা হয়েছে ৩৫৫ জন সদস্য পদ প্রত্যাহার ৪৮৭ জন ও সঞ্চয় আদায় ৯৫২৪৭৮৪ টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ ৩৬০৬৭০০০/- টাকা। চলতি মাসে ৮ জনকে লিল্লাহ প্রদান করা হয়েছে ৮০০০/- টা: | দিনাজপুর সদর | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১০২৫ জন কে ৩,৮০,৬০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৭৫ জনকে ২০,৫০,০০০/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ০৫ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৪৫ জন। শিক্ষকদের বিষয় ভিক্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ২০টি স্কুলের ১০০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (৩) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৬৯ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে। | | |
| | (৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ১০০৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৮ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে। | | |
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৯ইং অর্থবছরে ১৮টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৯ পালন করা হয়েছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২৪৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ৭৪১৫ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ২০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ১২০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ২০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ১৭৫ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃতাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃতাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস ২০১৯ পালন করেছে। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- অরবিন্ধ শিশু হাসপাতাল, এসএমএনবি, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, পিএসটিসি ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই | | টিএমএসএস, অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। **'ব্র্যাক' দিনাজপুর** সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৫। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৬। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৭/১৯

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

২৫/০৭/১৯

# পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মো: বাবুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর "
২। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "
৩। জনাব সুরাইয়া আখাতার, ম্যানেজার এইচ আর, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর "
৪। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "
৫। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর "
৬। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ, ঈদগাঁহ আবাসিক এলাকা, দিনাজপুর "
৭। জনাব মো: মোকসেদুর রহমান, সুপার ভাইসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, সদর, দিনাজপুর "
৮। জনাব মোঃ মামনুর রহমান, সুপারভাইজার, পিএসটিসি, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর "
৯। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সিডিএসপি বাংলাদেশ, নশিপুর, সদর, দিনাজপুর "
১০। জনাব ইষ্টের আল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, উ:গোসাইপুর "
১১। জনাব জেমস ফ্রান্সিস বিশ্বাস, হিসাব রক্ষক, উত্তর বঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প বিডি-০২২৫, সদর, দিনাজপুর "
১২। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, এফপিএবি, ঘাসিপাড়া, দিনাজপুর "
১৩। জনাব বিশু টপ্য, ক্রেজি সুপারভাইজার, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, পুলহাট, সদর, দিনাজপুর "
১৪। জনাব শুকলা রায়, উপজেলা কো-অর্ডিনেটর, ডেমোক্রিসি ওয়াচ, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "
১৫। জনাব এম.এ ছালাম, ম্যানেজার, টিএমএসএস, নিমনগর, উপশহর-০১, দিনাজপুর সদর, দিনাজপুর "
১৬। জনাব মূর্ণা মিঞা, সাধারণ সম্পাদক, পল্লী বন্ধু, সদর, দিনাজপুর "
১৭। জনাব নাজমা বেগম, আঞ্চলিক সমন্বয়কারী, কমিউনিটি ডেভেলপমেন্ট এসোসিয়েশন, সদর, দিনাজপুর "
১৮। জনাব হীরালাল সরকার, জেলা ডেভেলপমেন্ট সুপারভাইজার, দি লেপ্রসী মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ, দিনা: "
১৯। জনাব আয়েশা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী, ইসলামবাগ, সদর, দিনাজপুর। "
২০। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়পুল, সদর, দিনাজপুর। "
২১। জনাব মুর্শেদা পারভীন মলি, সহকারী অফিসার (এইচ আর), এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর "
২২। জনাব মর্জিনা খাতুন রুপা, প্রোজেক্ট অফিসার, জেএসএকএস, ঝানজিরা হাট, সদর, দিনাজপুর "
২৩। জনাব অনুকুল চন্দ্র বর্ম্মন, এপিসি ম্যানেজার, দিনাজপুর এপি, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ/আ/এ, দিনাজপুর "
২৪। জনাব মোঃ মোজাফ্ফর হোসেন, নির্বাহী পরিচালক, সমাজ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, কালিতলা, দিনাজপুর। "
২৫। জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস দিনাজপুর "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং- ৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯.-৮৮ তারিখ ঃ ১৮জুলাই, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা..........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব......................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

(স্বাক্ষর) ১৮/৭/১৯
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর